## ১৩৪ নং তাল-একতালা

মনরে ক্ষেপা ক্ষেপে যা একবার।
আপন সেরে কামের ঘরে, অনুরাগের কপাট মার।।
১। ক্ষেপ যদি ক্ষেপার মত, হ'গে রূপের অনুগত।
তেয়াগিয়া আত্ম স্বার্থ, প্রেম পাথারে দে সাঁতার।।
২। যদি হবি সুজন ক্ষেপা, ধারণ কর রূপের ছাপা।
গুরুর কাছে করে রফা, ভোগ বিলাসের দফা সার।।
৩। ত্যাজ্য কর বেদের বিধি, ছেড়ে দিয়ে অষ্টসিদ্ধি।
বিবেক ভাইয়ের দিয়ে বৃদ্ধি, চল আনন্দ বাজার।।
৪। এক ক্ষেপেছে গোলোকচন্দ্র, আর ক্ষেপেছে মহানন্দ।
দিয়ে হরি প্রেমানন্দ, ক্ষেপাল এ ত্রিসংসার।।
৫। তারকচন্দ্র ডেকে বলে, যে জন বাবার ক্ষেপা ছেলে।
সদায় থাকে বাবার কোলো, বু'ঝ্লি না অশ্বিনী ছার।।

## ১৩৫ নং তাল-একতালা

সহজ অনুররাগে ক্ষেপেছে যে জন।
হ'য়ে আত্মহারা পাগল পারা, মানে না বিধির বন্ধন।।
১। বায়ু পিত্ত কফের নাড়ী, ঘু'রছে মাথা চঞ্চল ভারী।
পোড়ায়ে সে মায়াপুরী, জ্বালিয়া প্রেমের হুতাশন।।
২। অন্তরে অনন্ত দাহ, জ্বলিতেছে অহরহ।
ঠিক যেন সেই ক্ষিপ্ত সিংহ, সাঁই ব'লে ক'রছে গর্জ্জন।।
৩। হয়ে সে রূপের আশ্রিত, ব্রহ্মদস্যুর দৃষ্টির মত।
কাঁদিতেছে অবিরত, পলকহীন দু'টি নয়ন।।
৪। ঠিক যেন সেই পাগলা ভোলা, ঘুচাইতে ভবের জ্বালা।
প্রেম উন্মত্ত হরিবোলা, তার আর কিছুতে লয় না মন।।